গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : সালেহীন তানভীর গাজী
জেলা প্রশাসক, জয়পুরহাট
তারিখ : ২৫ জুন, ২০২৩ খ্রি:
সময় : সকাল ১১:০০ টা
স্থান : জেলা প্রশাসক, জয়পুরহাট এর সভাকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। সভাপতি আওতাধীন অফিসের সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারিত ফরমেটে ০৮ কলামে প্রস্তুতপূর্বক সেবাসমূহের বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ, ওয়েবসাইট হালনাগাদকরণ এবং প্রতিটি কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে সূচকের প্রমাণকসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করেন।

ক্রম:	গত সভার তারিখ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়িত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	২৫/০৬/২০২৩	০৪টি	০৪টি	১০০%

অতঃপর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	**আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ:** আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা হিসেবে তিন ভাগে বিভক্ত করে নির্ধারিত ফরমেটে ৮ কলামে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে গত ২২ জুন, ২০২৩ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তিনি জানান যে, সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, কালাই আক্কেলপুর উপজেলায় হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি পাওয়া যায়। কিন্তু অবশিষ্ট উপজেলায় পাওয়া যায়নি। মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশনা মোতবেক সেবা প্রদান প্রতিশ্রুতিকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা হিসেবে তিন ভাগে বিভক্ত করে নির্ধারিত ফরমেটে ৮ কলামে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষরসহ ওয়েবসাইটে নির্ধারিত সেবা বক্সে আপলোড করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সেবা প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুনগর্ঠন করে নিজস্ব ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। ২। এ কার্যালয় ও আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে। উক্ত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) জয়পুরহাট জেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয়

০২.	**সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন:** সভায় এ কার্যালয়ের সহকারী কমিশনার (সাধারণ) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পূর্ণগঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। তিনি জানান যে, সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণকালে সকল উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি'র তথ্য পাওয়া যায়নি। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি'র ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন ও নিয়মিত পরিবীক্ষণ কমিটি'র সভা আয়োজনের অনুরোধ জানান। এছাড়াও ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি'র সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করেন।	০১। প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের সেবা প্রদান সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে আগামী ২৬ জুন, ২০২৩ এর মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে। ০২। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি'র সভা করতে হবে। ০৩। পরিবীক্ষণ কমিটি'র সিদ্ধান্তের বাস্তবায়ন প্রতিবেদন নিয়মিত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), জয়পুরহাট জেলা
০৩.	**সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ:** আওতাধীন অফিসের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ বিষয়ে সভায় আলোচনা হয়। সবায় জানানো হয় যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণকালে এ জেলার জয়পুরহাট সদর, কালাই ও ক্ষেতলাল উপজেলার ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য আপলোড আছে কিন্তু আক্কেলপুর উপজেলার ওয়েবসাইটে শুধু ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য আছে। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য নেই। পাঁচবিবি উপজেলার ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য নেই। সভাপতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ সংক্রান্ত অফিস আদেশ ওয়েবসাইটে নির্দিষ্ট সেবাবক্সে আপলোডের অনুরোধ করেন।	১। প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ সংক্রান্ত অফিস আদেশ ওয়েবসাইটে নির্দিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), জয়পুরহাট জেলা
০৫.	**বিবিধ:** কাংক্ষিত সেবা না পেলে বা সংক্ষুব্ধ হলে কিভাবে পাবেন, কার নিকট পাবেন তা সেবা প্রদান প্রতিশ্রুতি শেষে সংযুক্ত করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতির শেষে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী তথ্যাদি সংযুক্ত করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয়

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/৬/২৩

(সালেহীন তানভীর গাজী)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোনঃ (৮৮+) ০৫৭১-৬২২১০
adcgjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৩.৩৮০০.০০৫.৯৯.১৫৬.২১- ৫০২

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০
২৫ জুন ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০২। .... .জয়পুরহাট।

২৫/০৬/২৩

(মো: হাবেল উদ্দিন)
সহকারী কমিশনার
জয়পুরহাট
ফোন:(+৮৮)০৫৭১-৬২৩০৬
acgjoypurhat@gmail.com